সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
(www.wewb.gov.bd)

নম্বর: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৪.২২.৩৭২

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ / ২৭ সেপ্টেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের শূন্য পদ পূরণের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে **(http://wewb.teletalk.com.bd)** দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | জেলার প্রাপ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (৯ম গ্রেড) | ০৫ (পাঁচ)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>(ক) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(গ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | উপ-সহকারী পরিচালক (১০তম গ্রেড) | ০৭ (সাত)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | হিসাবরক্ষক (১১তম গ্রেড) | ০২ (দুই)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; | জামালপুর, কুমিল্লা, নাটোর, দিনাজপুর ও নড়াইল জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৩তম গ্রেড) | ১৯ (উনিশ)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি- (ক) বাংলা-২০ শব্দ ও (খ) ইংরেজিতে ২০টি শব্দ। | গাজীপুর, মুন্সীগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, চট্টগ্রাম, কুমিল্লা, লক্ষীপুর, পাবনা, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, বরিশাল, পটুয়াখালী ও হবিগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৫. | স্টোর কিপার (১৩তম গ্রেড) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শীতা। | মানিকগঞ্জ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৬. | ক্যাশিয়ার (১৩তম গ্রেড) | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় পারদর্শীতা; | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

৯৮

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | ড্রাইভার (১৬তম গ্রেড) | ০৪ (চার)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গাড়ী চালনার ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) গাড়ীর যন্ত্রাংশ সম্পর্কে উপযুক্ত জ্ঞান এবং গাড়ীর ত্রুটি নিরুপণ, মেরামত ও পুনঃস্থাপন সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঘ) গাড়ী চালনায় ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | মানিকগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, চট্টগ্রাম, চাঁদপুর, লক্ষীপুর, পাবনা, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, মাগুরা, চুয়াডাঙ্গা ও বরিশাল জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন; |
| ৮. | অফিস সহায়ক (২০তম গ্রেড) | ০৩ (তিন)টি | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, নোয়াখালী, পঞ্চগড়, যশোর, নড়াইল, চুয়াডাঙ্গা, বরিশাল, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

<u>আবেদনকারীদের জন্য প্রযোজ্য শর্তাবলী:</u>

১। আবেদনকারীর বয়স ১২ অক্টোবর ২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ৩০ বছর পর্যন্ত। বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক শৃঙ্খলাজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৩। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় চাকরিরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

(ক) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র/ কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। এছাড়া অনলাইনে পূরণকৃত আবেদন ফরমসহ সকল সনদপত্র/ কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। তাছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক পত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৫। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। পরবর্তীতে কোটা সংক্রান্ত অথবা নিয়োগ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৬। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বোর্ডের ওয়েব সাইটে (<u>www.wewb.gov.bd</u>) প্রকাশ করা হবে।

৭। বোর্ডের নিয়োগ পদ্ধতি অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। কেউ প্রকৃত তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

১০। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১১। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ **substantive** ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। **substantive** ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১২। কেবলমাত্র একটি পদে আবেদন করা যাবে। একাধিক পদে আবেদন করলে বাতিল বলে গণ্য হবে।

৯১৮

১৩। স্থায়ী ঠিকানায় প্রার্থী কর্তৃক উল্লিখিত জেলার প্রার্থী হিসাবে প্রার্থীর পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হবে। আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনে উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

১৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে (www.wewb.gov.bd) প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

১৫। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী নিম্নরূপ:

(ক) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ সকাল ১০:০০টা।

(খ) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ০১ নভেম্বর ২০২৩ তারিখ বিকাল ৫:০০টা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(ঘ) Online আবেদন পত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(চ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ছ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবেপূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। *উল্লেখ্য যে,* আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ০১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৬০০/-(ছয়শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬৯/- (উনসত্তর) টাকাসহ মোট ৬৬৯ (ছয়শত উনসত্তর টাকা (অফেরতযোগ্য), ০২ ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৫৮/- (আটান্ন) টাকাসহ মোট ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা (অফেরতযোগ্য) ও ০৩ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৫/- (পঁয়ত্রিশ) টাকাসহ মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা (অফেরতযোগ্য), ০৪- ০৭ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য), ০৮ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা (অফেরতযোগ্য) Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS **WEWB<Space>User ID** লিখে **Send** করতে হবে 16222 নম্বরে।
**Example: WEWB ABCDEF & send to 16222**

**Reply Applicant's Name, Tk. 669 or 558 or 335 or 223 or 112 will be charged as application fee. Your PIN is 12345678 To Pay Fee Type WEWB Yes PIN and send to 16222**

দ্বিতীয় SMS WEWB<Space>Yes<Space>PIN লিখে **send** করতে হবে 16222 নম্বরে।
Example: **WEWB Yes** 12345678 & send to 16222

**Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for WEWB, Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)**

(জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://wewb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঞ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:

**WEWB**<Space>**Help**<Space>**User**<Space>**User ID and Send to** 16222
**Example: WEWB Help USER ABCDEF send to** 16222

ii. Number জানা থাকলে

**WEWB**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No and Send to** 16222
**Example: WEWB Help PIN 12345678** & **send to** 16222

(ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে www.wewb.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd অথবা info@wewb.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: WEWB, Post Name: ******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ড) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ণ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.wewb.gov.bd অথবা http://wewb.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে; এছাড়া পরবর্তীতে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) জানানো হবে।

১৬। ডিক্লারেশন:

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

****** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(আরিফ আহমেদ খান)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
☎ ০২-২২২২২৩২৪৭ (অফিস)
✉ d.ad@wewb.gov.bd